গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

মুজিব ১০০
ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

বিষয়: শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী ভূমি সংস্কার বোর্ডের নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ (সচিব)
তারিখ : ০৮-০৪-২০২৪ খ্রি.
সময় : বেলা ১২:৩০ ঘটিকা
স্থান : ভূমি সংস্কার বোর্ড-এর সম্মেলন কক্ষে

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩, সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী ৩য় ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন পূরণ করে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব লিংকের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অতঃপর সভায় সভাপতি মহোদয় এজেন্ডাভুক্ত বিষয়সমূহ নিয়ে আলোচনা করেন। এ ছাড়াও সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং ভূমি সংস্কার বোর্ডের অন্যান্য কর্মকর্তাগণ তাদের গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্র. নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা আগামী জুন/২০২৪ মাসের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ-এ আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ২ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | শুদ্ধাচার সংক্রান্ত বিষয়বস্তু নির্ধারণ করে জুন/২০২৪ মাসের এর মধ্যে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ৩ | কর্ম-পরিবেশ উন্নয়ন। | (ক) পুরাতন অকেজো মালামাল বিক্রয়ের কার্যক্রম জুন/২০২৪ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>(খ) ভূমি ব্যবস্থাপনা ও ভূমি আইন সহায়ক গ্রন্থাবলি ক্রয় কার্যক্রম জুন/২০২৪ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে এবং লাইব্রেরির বইপত্র সার্বক্ষণিক দেখাশোনা করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ৪ | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান। | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনের উপর আগামী ১৬ এপ্রিল ২০২৪ তারিখে রাজশাহী, রংপুর ও বরিশাল বিভাগের রেভিনিউ ডেপুটি কালেক্টর এবং ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে দিনব্যাপী ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে। ফিডব্যাক কর্মশালার সুপারিশ/মতামত মাঠপর্যায়ের কার্যালয়কে প্রেরণ করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ৫ | অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বাস্তবায়ন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ৬ | বাজেট বাস্তবায়ন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বাস্তবায়ন করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা |

| ক্র. নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম। | | |
| | (ক) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | (ক) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে সরকারি বিধিবিধান অনুসরণ করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| | (খ) স্টেশনারি সামগ্রীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | (খ) স্টেশনারি সামগ্রীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে সরকারি বিধিবিধান অনুসরণ করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| | (গ) সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে মাঠ পর্যায় হতে প্রাপ্ত চাহিদার পরিপ্রেক্ষিতে বাজেট বরাদ্দ নিশ্চিতকরণ। | (গ) ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৯০% বাজেট বরাদ্দ দিতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ |
| | (ঘ) কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ। | (ঘ) শাখাভিত্তিক হাজিরা খাতা সংরক্ষণ করতে হবে এবং যথাসময়ে হাজিরা দিয়ে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)<br>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | (ঙ) জনবান্ধব ভূমিসেবা নিশ্চিত করণে উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শন। | ঙ) জনবান্ধব ভূমিসেবা নিশ্চিতকরণে উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)<br>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | (চ) অফিসের সরকারি সম্পদ (পানি ও বিদ্যুৎ)-এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | (চ) পানি ও বিদ্যুৎ-এর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)<br>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| ৮ | ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান। | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী মূল্যায়ন সূচক নির্ধারণপূর্বক জুন/২০২৪ মাসের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ৯ | বিবিধ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ অনুযায়ী ৯ মে ২০২৪ তারিখের মধ্যে ইনোভেশন শোকেসিং এবং কর্মশালা আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা শতভাগ পূরণের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৪/২০২৪

মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন নং-০২-৮১৭০১৪৩
ই-মেইল: chairman@lrb.gov.bd

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৫.০১৮.২৩.৬৭

তারিখ : ২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৩) উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৪) উপ ভূমি-সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ
(৫) ম্যানেজার, ঢাকা নওয়াব এস্টেট/ভাওয়াল রাজ এস্টেট, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৬) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৪/৫/৬
(৭) চেয়ারম্যান (সচিব)-এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
(৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৯) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
(১০) অফিস কপি

০৯/০৪/২৪

খৃষ্টফার হিমেল রিছিল
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন: ০২৪১০১০৪৫৪
ই-মেইল : alrc3@lrb.gov.bd